

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৮

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪২, সুদ হয় কেবল বাকীতে বিক্রির ক্ষেত্রেই

باب لَا رِبَا إِلَّا فِي النَّسِيئةِ

### আরবী

أُخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي يَزِيدَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ أَخْبَرَنِي أُسَامَةُ بْنُ زَيْدٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّمَا الرِّبَا فِي الدَّيْنِ قَالَ عَبْد اللَّهِ مَعْنَاهُ دِرْهَمٌ بِدِرْهَمَيْنِ

#### বাংলা

২৬১৮. ইবনু 'আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন, আমাকে উসামা ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু জানিয়েছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কেবল ঋণ বা ধার- কর্য (বাঁকী বিক্রয়)-এর ক্ষেত্রেই 'রিবা' (সুদ) হয়।"[1] আবু মুহাম্মদ বলেন, এর অর্থ: এক দিরহামের বিনিময়ে (বাকিতে) দু'ই দিরহাম।

# ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, বুয়ূ ২১৭৮, ২১৭৯ ; মুসলিম, মাসাকাত ১৫৯৬। ((তিরমিযী, ১২৪১; নাসাঈ ৪৫৬৫, ৪৫৮১; ইবনু মাজাহ ২২৫৭।–অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫০২৩ ও মুসনাদুল হুমাইদী নং ৫৫৫ তে। ((আবূ দাউদ, বুয়ূ ৩৩৪৯-৩৩৫০; তিরমিযী, বুয়ূ ১২৪০; নাসাঈ, ৭/২৭৪-২৭৫; ইবনু মাজাহ, তিজারাত ২২৫৪-ফাওয়ায আহমেদের দারেমী হা/২৫৭৯ এর টীকা হতে।–অনুবাদক))

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন